

আনিসুল হকের কুলখানি বুধবার

অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের কুলখানি আগামী বুধবার বাদ আসর গুলশান আজাদ মসজিদে অনুষ্ঠিত হবে। শনিবার রাজধানীর আর্মি স্টেডিয়ামে মেয়র আনিসুল হকের জানাজা নামাজের আগে এ কথা জানান তার ছেলে নাভিদুল হক।

নাভিদুল হক বলেন, আমার বাবা ছিলেন একজন সৌখিন মানুষ। তিনি সর্বদা হাসি-খুশি মানুষ ছিলেন।

বাবার জন্য দেশবাসীর কাছে দোয়া চেয়ে তিনি বলেন, কাজের খাতিরে কেউ যদি আমার বাবার ব্যবহারে কষ্ট পেয়ে থাকেন তাহলে আপনারা তাকে ক্ষমা করে দিবেন।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসি) মেয়র আনিসুল হক লন্ডনে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

উল্লেখ্য, আনিসুল হক এফবিসিসিআই, বিজিএমইএ, সার্ক চেম্বারের সাবেক সভাপতি ছিলেন। ২০১৫ সালে আওয়ামী লীগ থেকে মনোনয়ন নিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন তিনি।

বিডি প্রতিদিন/০২ ডিসেম্বর ২০১৭/আরাফাত